

রিনিউ ডেট্রয়েট
এসেনশিয়াল হোম রিপেয়ার প্রোগ্রাম ফর সিনিয়র অ্যান্ড ডিজ্যাবল্ড হোমওনার্স

রিনিউ ডেট্রয়েট কী?

এটি 2-ধাপ বিশিষ্ট একটি গৃহ মেরামত কর্মসূচি, যার অর্থায়ন করা হয়েছে আমেরিকান পুনরুদ্ধার পরিকল্পনা আইন (American Recovery Plan Act)-এর অধীনে এবং ডেট্রয়েট নগর কর্তৃপক্ষের পরিচালনায়। কর্মসূচিটির প্রথম ধাপে 1000 নির্বাচিত আবেদনকারীর ঘরের ছাদ প্রতিস্থাপন করা হবে। ধাপ 1-এর আবেদনের সময়সীমা 1 অক্টোবর 2021 থেকে 31 অক্টোবর 2021 পর্যন্ত। ধাপ 2-এ 500 নির্বাচিত আবেদনকারীকে বড় ধরনের মেরামত সুবিধা প্রদান করা হবে, যা শুরু হবে 2022 সালে।

কারা আবেদন করতে পারবে?

উপযুক্ত হতে হলে 3 টি মানদণ্ড অবশ্যই পূরণ করতে হবে:

1. অবশ্যই কোনো সিনিয়র (62 বছর বা তার বেশি বয়সী) **অথবা** অক্ষমতা-যুক্ত যেকোনো বয়সী ব্যক্তি (Social Security Disability বা Supplemental Security Income পাচ্ছেন এমন) হতে হবে **এবং**
2. 2021 HOPE কর ছাড় প্রাপ্ত (পূর্বে HPTAP নামে ছিলো) **এবং**
3. বিগত 10 বছরে ডেট্রয়েট নগর কর্তৃপক্ষ থেকে বাড়ি মেরামতের জন্য \$10,000 বা তার বেশি অর্থ অনুদান নেননি।

আবেদনকারীদের কিভাবে নির্বাচন করা হয়?

যোগ্য আবেদনকারীগণকে নিম্নোক্ত মানদণ্ডের ভিত্তিতে গৃহ মেরামত স্কোর প্রদান করা হবে।

সর্বোচ্চ স্কোর প্রাপ্ত 1000 জন আবেদনকারীকে ধাপ 1-এর জন্য নির্বাচিত করা হবে।

- বাড়ির মালিকানার মেয়াদ
- HOPE ছাড়ের মাত্রা
- পরিবারের লোকসংখ্যা
- যাচাইকৃত SEHR-এর অপেক্ষমাণ তালিকা* অথবা ওয়েইন মেট্রো ওয়েদারাইজেশন কেবল-ছাদের ডেফারাল লেটার, প্রয়োজন হলে মূল্যায়ন-ভিত্তিক ছাদের অবস্থাকে টাইব্রেকার হিসেবে ব্যবহার করা হবে

*লক্ষ্য করুন যে, অপেক্ষমাণ তালিকার সিনিয়রদেরকে রিনিউ ডেট্রয়েট কর্মসূচিতে আবেদনে উৎসাহিত করা হচ্ছে। নির্বাচিত হলে তারা কোন কর্মসূচিতে অংশ নেবেন তা নির্বাচন করতে পারবেন।

ধাপ 1-এ কেবল ছাদ প্রতিস্থাপন করা হবে কেন?

ডেট্রয়েট নগর কর্তৃপক্ষ ছাদ মেরামতে মনোযোগ দিচ্ছে, কারণ এটিই সবচেয়ে বেশি সম্পন্নকৃত ও আবেদনকৃত মেরামত কাজ। ছাদ কেবল সবচেয়ে ব্যয়বহুল গৃহ মেরামতের কাজই নয়, বরং ছাদ একবার ক্ষতিগ্রস্ত হলে তা বাড়ির অন্যান্য স্থানেও বড় ধরনের ক্ষতিসাধন করতে পারে, যেমন, সিলিং ও চিলকোঠার ক্ষতি, অন্তরণের ক্ষতি, ছাঁচ, চিতি পড়া, সিলিংয়ের কোন ক্ষয়ে যাওয়া, আগুনের ঝুঁকি তৈরি, ইঁদুর, জ্বালানি ব্যয় বৃদ্ধি ও কাঠামোগত ক্ষয়ক্ষতি। এছাড়া ছাদের অবস্থা ভালো থাকা মেরামতের অন্যান্য অনুদান কর্মসূচিতে অংশগ্রহণের যোগ্যতারও নির্ণায়ক হতে পারে।

রিনিউ ডেট্রয়েট ধাপ 1-এর সময়সীমা

- আবেদনের মেয়াদ: 10.01.2021 -10.31.2021
- HOPE আবেদনের সময়সীমা: 11.12.2021
- অংশগ্রহণকারীদের নির্বাচিত করা ও জানানো হবে: ফেব্রুয়ারি 2022
- ছাদ মেরামত শুরু হবে: শরত 2022-এর শেষের দিকে

বাসিন্দারা কিভাবে আবেদন করবেন?

- ফোনে আবেদন করতে 313.244.0274 নম্বরে ফোন করুন। যারা কল করেছেন তারা ইতোমধ্যে অনুমোদনপ্রাপ্ত 2021 HOPE ছাড়ের নিশ্চয়তাজ্ঞাপক তথ্যও পাবেন এবং অন্যান্য উপকরণ ব্যবহারের সুযোগ পাবেন।
- www.detroitmi.gov/RenewDetroit-এ যান ও “রিনিউ ডেট্রয়েট-এর জন্য আবেদন করুন” অপশনে ক্লিক করুন
- *রিনিউ ডেট্রয়েট আবেদনটি অন্যান্য কর্মসূচির আবেদন থেকে ভিন্ন। যোগ্যতা ও অগ্রাধিকার নির্ণয়ের বেশিরভাগ মানদণ্ড যাচাই করা হবে আবেদনকারির আবশ্যিক সক্ষমতির মাধ্যমে প্রাপ্ত এবং আবেদনকারি-কর্তৃক পূর্বে সহযোগী প্রতিষ্ঠান ও সংস্থাকুলকে প্রদত্ত বিভিন্ন তথ্যের মাধ্যমে।*

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলীর পূর্ণাঙ্গ তালিকা এই ওয়েবসাইটে পাওয়া যাবে www.detroitmi.gov/RenewDetroit।
বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলীর বাইরে আপনার কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে RenewDetroit@detroitmi.gov ইমেইল ঠিকানায় আমাদের সাথে যোগাযোগ করুন।